

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৭৬(আগরতলা, ১৭।৭)
বিশালগড়, ১৭ জুলাই, ২০১৭

বিশালগড়ে যুব সচেতনতা বিষয়ক কর্মশালা

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে গত ১৪ জুলাই বিশালগড় ব্লকের কমলাদেবী কাজারিয়া কমিউনিটি হলে যুব সচেতনতা বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় বিশালগড় ব্লকের ৭টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ১০৫ জন ছাত্র-ছাত্রী অংশ গ্রহণ করে। কর্মশালার উদ্বোধন করে বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দুর্লন সরকার (হাজারী) বলেন, এই কর্মশালার মুখ্য উদ্দেশ্য হল ছাত্র-ছাত্রীদের পুঁথিগত শিক্ষার পাশাপাশি সুস্থ-সমাজ ও পরিবেশ গঠনে এবং সমাজের প্রতি দায়বদ্ধতা, সমাজের বিভিন্ন ক্ষেত্রে সেবা মূলক মনোভাব গড়ে তোলার প্রশিক্ষণ। প্রকৃত মানুষ হতে হলে ছাত্র-অবস্থায় নিজেদের মধ্যে সেবা মূলক মনোভাব তৈরী করতে হবে। কর্মশালায় স্বাগত ভাষণ রাখেন বিশালগড় মহকুমা ক্রীড়া আধিকারিক বিপ্লব কুমার দেব। আলোচনা করেন ক্রীড়া দপ্তরের সহ অধিকর্তা কাবেরী দেববর্মা। সভাপতিত্ব করেন হরিশনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান নিয়তী দাস।
